নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.১৮-৯৪

তারিখ: ১৯ চৈত্র ১৪২৪ / ০২ এপ্রিল ২০১৮

**বিষয়: ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন/স্থগিত নির্বাচন এবং শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠান**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বিভিন্ন ইউনিয়নের সাধারণ নির্বাচন, বিভিন্ন কারণে স্থগিত ইউনিয়নের পুনঃ নির্বাচন ও শূন্য পদে উপনির্বাচন (সংলগ্নী-১ ও সংলগ্নী-২) অনুষ্ঠানের লক্ষ্যে মাননীয় নির্বাচন কমিশন নিম্নরূপ নির্দেশনা প্রদান করেছেন:

২। **নির্বাচনি সময়সূচি :** যেসব ইউনিয়নের নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নতুনভাবে সময়সূচি জারি করার প্রয়োজন রয়েছে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ২০ এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুসারে মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক নিম্নরূপ সময়সূচি অনুসারে ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে:

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৬ এপ্রিল ২০১৮ / ০৩ বৈশাখ ১৪২৫ | (সোমবার ) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ১৯ এপ্রিল ২০১৮ / ০৬ বৈশাখ ১৪২৫ | ( বৃহস্পতিবার ) |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ২৬ এপ্রিল ২০১৮ / ১৩ বৈশাখ ১৪২৫ | ( বৃহস্পতিবার ) |
| (ঘ) | **ভোটগ্রহণের তারিখ** | : | **১৫ মে ২০১৮ / ০১ জ্যৈষ্ঠ ১৪২৫** | **(মঙ্গলবার)** |

৩। **প্রার্থিতা বিষয়ক অন্যান্য কার্যক্রম :** উল্লিখিত সময়সূচি অনুযায়ী স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১৫ অনুসারে মনোনয়নপত্র গ্রহণ বা বাতিল আদেশের বিরুদ্ধে আপিল দায়েরের শেষ তারিখ **২২ এপ্রিল ২০১৮** এবং দায়েরকৃত আপিল **২৫ এপ্রিল ২০১৮** তারিখের মধ্যে নিষ্পত্তি করতে হবে। তাছাড়া প্রার্থিতা প্রত্যাহারের জন্য শেষ তারিখ **২৬ এপ্রিল ২০১৮** এবং এর পরের দিন অর্থাৎ **২৭ এপ্রিল ২০১৮ তারিখে প্রতীক বরাদ্দের** কার্যক্রম সম্পন্ন করতে হবে। মনোনয়ন ও প্রার্থিতা বিষয়ক অন্যান্য কার্যক্রম উল্লিখিত সময়সূচির সাথে সমন্বয় করে সম্পন্ন করতে হবে।

৪। **সময়সূচির প্রজ্ঞাপন জারি :** যে সকল ইউনিয়নে নতুন করে সময়সূচি ঘোষণার প্রয়োজন রয়েছে, সে সকল ইউনিয়নের নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে উল্লিখিত সময়সূচি অনুযায়ী সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসারগণ বিধি ১০ অনুসারে পূর্বে প্রদত্ত নমুনায় প্রজ্ঞাপন জারি করে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশের ব্যবস্থা করবেন।

৫। **রিটার্নিং অফিসার নিয়োগ :** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ৫ বিধি অনুসারে সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা বা জেলা নির্বাচন কর্মকর্তাকে নির্বাচন পরিচালনার উদ্দেশ্যে, প্রতিটি ইউনিয়ন পরিষদের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন কর্মকর্তাকে বা ক্ষেত্রমত, প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত কর্মকর্তাগণের মধ্য হতে একজন করে কর্মকর্তাকে রিটার্নিং অফিসার নিয়োগ করতে হবে। সাধারণ নির্বাচনের সময়ে নিয়োগকৃত রিটার্নিং অফিসারের মাধ্যমে স্থগিত ইউনিয়নের নির্বাচন সম্পন্ন করতে হবে। তবে ইতোমধ্যে রিটার্নিং অফিসার হিসেবে দায়িত্বপালনকারী কোন কর্মকর্তা বদলি হয়ে থাকলে উক্ত পদে যিনি দায়িত্বপালন করছেন অথবা যাকে পদায়ন করা হয়েছে তাকে রিটার্নিং অফিসার হিসেবে দায়িত্ব পালন করার জন্য নির্দেশনা দিতে হবে। উক্ত পদে বদলির পর কোন কর্মকর্তা পদায়ন করা না হলে অন্য কোন উপযুক্ত কর্মকর্তাকে অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন কর্মকর্তাকে রিটার্নিং অফিসার হিসেবে দায়িত্ব দিতে হবে। সংশ্লিষ্ট সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা/জেলা নির্বাচন কর্মকর্তা এ বিষয়ে প্রয়োজনীয় আদেশ/নির্দেশনা জারি করবেন। উল্লেখ্য যে, যেসব ইউনিয়নের সাধারণ নির্বাচনের সময়সূচি ঘোষণা করা হয়েছে, সেগুলোর জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন কর্মকর্তাকে রিটার্নিং অফিসার হিসেবে নিয়োগ করতে হবে। কোন উপজেলা নির্বাচন কর্মকর্তাকে ৩টির অধিক ইউনিয়ন পরিষদের নির্বাচনের রিটার্নিং অফিসারের দায়িত্ব দেয়া যাবে না। কোন উপজেলা নির্বাচন কর্মকর্তার অন্য কোন নির্বাচনের গুরুত্বপূর্ণ দায়িত্ব (যেমন- জাতীয় সংসদ/সিটি কর্পোরেশন/পৌরসভার সহকারী রিটার্নিং অফিসার বা সহায়ক কর্মকর্তা) থাকলে তাকে উল্লিখিত রিটার্নিং অফিসারের দায়িত্ব দেয়া যাবে না। কোন উপজেলা নির্বাচন কর্মকর্তা প্রশিক্ষণ বা অন্যকোন গুরুত্বপূর্ণ দায়িত্ব থাকলে তার স্থলে দায়িত্বপ্রাপ্ত


অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭
যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

কর্মকর্তাকে রিটার্নিং অফিসার হিসেবে নিয়োগ করে বা অন্যান্য দায়িত্ব প্রদান করে নির্বাচন সম্পন্ন করতে হবে। যেসকল উপজেলায় ৩টির অধিক ইউনিয়নের নির্বাচন প্রয়োজন হবে সেগুলোতে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ৫ বিধি ও ইতঃপূর্বে গৃহীত নীতিমালা অনুসারে পদ্ধতিগতভাবে রিটার্নিং অফিসার নিয়োগ করতে হবে।

৬। **সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে অফিস খোলা রাখা :** উল্লিখিত সময়সূচি অনুসারে কার্যক্রম গ্রহণের লক্ষ্যে বিশেষ করে মনোনয়নপত্র বাছাইয়ের বিরুদ্ধে আপিল গ্রহণের দিনসমূহ প্রতীক বরাদ্দসহ গুরুত্বপূর্ণ দিনে রিটার্নিং অফিসারের অফিস, সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা/জেলা কর্মকর্তার অফিস ও উপজেলা নির্বাচন কর্মকর্তার অফিস সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে সকাল ৯.০০ মি. হতে বিকাল ৫.০০ মি. পর্যন্ত খোলা রেখে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। তাছাড়া মনোনয়নপত্র দাখিল ও বাছাই এবং বাছাই বা গ্রহণের বিরুদ্ধে দায়েরকৃত আপিল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত এবং নির্বাচন সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম গ্রহণের সুবিধার্থে সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে উল্লিখিত অফিসসমূহ খোলা রাখা এবং প্রয়োজনে অফিস সময়ের পরেও অফিস খোলা রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৭। **প্রার্থী মনোনয়নের জন্য নিবন্ধিত রাজনৈতিক দলকে অবহিতকরণ :** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর সংশ্লিষ্ট বিধান এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১২ এর উপবিধি (৩) এর দফা (গ) এর উপদফা (ঈ) অনুসারে চেয়ারম্যান পদে নিবন্ধিত রাজনৈতিক দল কর্তৃক প্রার্থী মনোনয়নের সুবিধার্থে সময়সূচির বিজ্ঞপ্তি প্রচারের পর পর নিবন্ধিত সকল রাজনৈতিক দলকে পত্রের মাধ্যমে রিটার্নিং অফিসার অবহিত করবেন।

৮। **ভোটার তালিকা এবং ভোটকেন্দ্র :** ইতঃপূর্বে প্রদত্ত নির্দেশনা অনুসারে সর্বশেষ হালনাগাদকৃত চূড়ান্ত ভোটার তালিকা অনুযায়ী নির্বাচন সম্পন্ন করতে হবে। একইভাবে জারিকৃত নীতিমালা অনুসারে ভোটকেন্দ্রের তালিকা চূড়ান্ত করে নির্বাচন কমিশনে প্রেরণ করতে হবে।

৯। **প্রতীক বরাদ্দের প্রত্যয়ন :** সর্বশেষ সংশোধিত বিধিমালা অনুসারে রিটার্নিং অফিসার কর্তৃক প্রতীক বরাদ্দ করতে হবে। প্রতীক বরাদ্দের পর সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার এবং জেলা নির্বাচন অফিসারকে তা যাচাই করে প্রতীক বরাদ্দের পর দিন সঠিক রয়েছে মর্মে প্রত্যয়নপত্র প্রদান করতে হবে।

১০। **স্থগিত ইউনিয়ন পরিষদের নির্বাচন** : বর্ণিত স্থগিত ইউনিয়ন পরিষদের নির্বাচনের ক্ষেত্রে নতুন করে সময়সূচি ঘোষণা করে নির্বাচন অনুষ্ঠান করতে হবে। তবে ইতোপূর্বে যারা মনোনয়নপত্র দাখিল করেছিলেন তাদের নতুন করে মনোনয়নপত্র দাখিলের প্রয়োজন হবে না এবং পূর্বে মনোনয়নপত্র দাখিলকারীগণকে নতুনভাবে মনোনয়নপত্র দাখিলেরও সুযোগ দেয়া যাবে।

১১। **অন্যান্য নির্দেশনা** : সংলগ্নী-১ ও সংলগ্নী-২ এ উল্লিখিত ইউনিয়নের সাধারণ নির্বাচন/স্থগিত ইউনিয়নের নির্বাচন এবং শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠানের জন্য **১৫ মে ২০১৮ (বৃহস্পতিবার)** ভোটগ্রহণের দিন নির্ধারণ করতঃ আইন ও বিধি মোতাবেক এবং ইতঃপূর্বে জারিকৃত পরিপত্র ও অন্যান্য নির্দেশনা অনুসরণপূর্বক প্রাসঙ্গিক কার্যক্রম গ্রহণ করতে হবে। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯-এর ধারা ৩৬ ও সংশ্লিষ্ট অন্যান্য ধারা এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫, ১০ ও অন্যান্য বিধি-বিধানসহ সংশ্লিষ্ট আইন-বিধিমালা এবং ইউনিয়ন পরিষদের নির্বাচন উপলক্ষে ইতঃপূর্বে জারিকৃত পরিপত্রসহ সকল নির্দেশনা অনুসরণপূর্বক নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন করতে হবে।

১২। **প্রাপ্তি স্বীকার :** ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন এবং স্থগিত ইউনিয়নের নির্বাচন ও শূন্য ঘোষিত পদে উপনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে জারিকৃত এ নির্দেশনার প্রাপ্তি স্বীকারের জন্য এবং প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে অবহিতকরণের জন্য অনুরোধ করা হল।


**ফরহাদ আহাম্মদ খান**
যুগ্মসচিব (চলতি দায়িত্ব)
ফোন: ০২-৫৫০০৭৫২৫
মোবাইল: ০১৭১৫০০০৭৪৯
E-mail: forhadakecs2015@gmail.com


সংলগ্নী: উপরে বর্ণিত

১। জেলা প্রশাসক, ...................................... (সংশ্লিষ্ট)
২। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার,
............................................................ (সংশ্লিষ্ট)
৩। উপজেলা নির্বাহী অফিসার........................... (সংশ্লিষ্ট)
৪। উপজেলা/থানা নির্বাচন অফিসার, ................. (সংশ্লিষ্ট)

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.১৮-৯৪

তারিখ: ১৯ চৈত্র ১৪২৪
০২ এপ্রিল ২০১৮

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৬. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‌্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. বিভাগীয় কমিশনার, ............................................................ (সকল)
১১. উপ মহাপুলিশ পরিদর্শক, ...................................................... (সকল রেঞ্জ)
১২. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৪. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৫. মহাব্যবস্থাপক (সি.আই.বি), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
১৬. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [এ বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৭. উপসচিব, .................................................................... (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮. পুলিশ সুপার, ............................................................... (সংশ্লিষ্ট)
১৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ................................................. (সকল)
২০. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি,...................................... (সংশ্লিষ্ট)
২১. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২২. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. প্রোগ্রামার (উপাত্ত প্রক্রিয়াকরণ), সিনিয়র সহকারী সচিব/সহকারী ..............................(সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৫. ...........................................................................................রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)
২৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ............................................................ (সংশ্লিষ্ট থানা)।


০২/০৪/১৮
(মোহাম্মদ আশফাকুর রহমান)
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২
ফোন: ০২-৫৫০০৭৫৫৯
মোবাইল: ০১৫৫০০৪২০৪১

সংলগ্নী-১

# ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন

| ক্রম | জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়ন পরিষদের নাম | পদ |
|---|---|---|---|---|
| ০১. | মুন্সীগঞ্জ | টংগীবাড়ী | পাঁচগাও | চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য এবং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ০২. | গাইবান্ধা | ফুলছড়ি | ফজলুপুর | চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য এবং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ০৩. | | সুন্দরগঞ্জ | চন্ডিপুর | চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য এবং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ০৪. | যশোর | মনিরামপুর | হরিহরনগর | চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য এবং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ০৫. | ঝালকাঠি | সদর | পোনাবালিয়া | চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য এবং সাধারণ ওয়ার্ডের সদস্য |

# ইউনিয়ন পরিষদের শূন্য পদে উপনির্বাচন

| ক্রঃনং | জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | পদের নাম |
|---|---|---|---|---|
| ১. | কুড়িগ্রাম | সদর | হলোখানা | ৭ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ২. | গাইবান্ধা | গোবিন্দগঞ্জ | শালমারা | চেয়ারম্যান |
| ৩. | | ফুলছড়ি | কঞ্চিপাড়া | চেয়ারম্যান |
| ৪. | দিনাজপুর | কাহারোল | রসুলপুর | চেয়ারম্যান |
| ৫. | | বিরামপুর | বিনাইল | ৯ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৬. | নীলফামারী | সদর | লক্ষীচাপ | ১ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৭. | রাজশাহী | গোদাগাড়ী | গোগ্রাম | ৪ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৮. | | | দেওপাড়া | ৭ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৯. | | | বাসুদেবপুর | ৭ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ১০. | চাঁপাইনবাবগঞ্জ | শিবগঞ্জ | পাঁকা | ৭ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ১১. | বগুড়া | সদর | রাজাপুর | ১ নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ১২. | | আদমদীঘি | সান্তাহার | ২ নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ১৩. | | ধুনট | ভান্ডারবাড়ী | চেয়ারম্যান |
| ১৪. | সিরাজগঞ্জ | তাড়াশ | তালম | ২ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ১৫. | ময়মনসিংহ | সদর | অষ্টধার | ২ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ১৬. | | ফুলবাড়িয়া | পুটিজানা | ৩ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ১৭. | | ঈশ্বরগঞ্জ | সরিষা | ৪ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ১৮. | কিশোরগঞ্জ | ইটনা | জয়সিদ্ধি | ৮ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ১৯. | নেত্রকোণা | পূর্বধোলা | আগিয়া | ৩ নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ২০. | টাঙ্গাইল | সখিপুর | হাতীবান্ধা | ৩ নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ২১. | শেরপুর | শ্রীবরদী | শ্রীবরদী | ৪ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ২২. | জামালপুর | দেওয়ানগঞ্জ | ডাংধরা | ২ নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ২৩. | নড়াইল | লোহাগড়া | দিঘলিয়া | চেয়ারম্যান |
| ২৪. | যশোর | ঝিকরগাছা | ঝিকরগাছা | ১ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ২৫. | | | নির্বাসখোলা | ৯ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ২৬. | সাতক্ষীরা | সদর | ধুলিহর | ৪ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ২৭. | | শ্যামনগর | নুরনগর | ৬ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ২৮. | ঝিনাইদহ | শৈলকুপা | সারুটিয়া | ৮ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ২৯. | কুষ্টিয়া | খোকসা | আমবাড়িয়া | চেয়ারম্যান |
| ৩০. | বরিশাল | সদর | কাশিপুর | ৪ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৩১. | | বাকেরগঞ্জ | নিয়ামতি | ২ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৩২. | ঝালকাঠি | সদর | শেখেরহাট | ৩ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৩৩. | পটুয়াখালী | গলাচিপা | চিকনিকান্দি | চেয়ারম্যান |
| ৩৪. | | | | ৮ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৩৫. | ভোলা | বোরহানউদ্দিন | বড়মানিকা | ৬ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৩৬. | | সদর | ধনিয়া | ৯ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৩৭. | গোপালগঞ্জ | কোটালীপাড়া | রাধাগঞ্জ | ৯ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৩৮. | মাদারীপুর | শিবচর | নিলখী | ২ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৩৯. | নরসিংদী | রায়পুরা | চরমধুয়া | ৭ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৪০. | | সদর | চরদিঘলদি | ৪ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৪১. | মুন্সীগঞ্জ | টংগিবাড়ী | সোনারং টংগিবাড়ী | ৪ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৪২. | মানিকগঞ্জ | সদর | জাগীর | ৩ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৪৩. | চাঁদপুর | মতলব উত্তর | ফতেপুর পশ্চিম | ১ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৪৪. | লক্ষ্মীপুর | কমলনগর | চর ফলকন | ৩ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৪৫. | | রামগতি | চর আলগী | ৪ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৪৬. | নোয়াখালী | কোম্পানীগঞ্জ | চরফকিরা | ৬ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৪৭. | ফেনী | ছাগলনাইয়া | ঘোপাল | ৯ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |

| ক্রঃনং | জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | পদের নাম |
|---|---|---|---|---|
| ৪৮. | মৌলভীবাজার | শ্রীমঙ্গল | সাতগাঁও | ৩ নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ৪৯. | হবিগঞ্জ | সদর | পৈল | ১ নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ৫০. | চট্টগ্রাম | বোয়ালখালী | শাকপুরা | ৬ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৫১. | | রাউজান | বাগোয়ান | ৮ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৫২. | | লোহাগাড়া | আমিরাবাদ | ২ নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ৫৩. | রাঙ্গামাটি পার্বত্য জেলা | কাউখালী | বেতবুনিয়া | ৭ নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৫৪. | বান্দরবান পার্বত্য জেলা | রোয়াংছড়ি | তারাছা | ৩ নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.১৮-১০১

তারিখ: ২১ চৈত্র ১৪২৪ / ০৪ এপ্রিল ২০১৮

**বিষয়: চাঁদপুর জেলার হাজীগঞ্জ উপজেলাধীন দ্বাদশগ্রাম ইউনিয়ন পরিষদ এবং ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন মুজিবনগর ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন/স্থগিত নির্বাচন অনুষ্ঠান**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলার হাজীগঞ্জ উপজেলাধীন দ্বাদশগ্রাম ইউনিয়ন পরিষদ এবং ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন মুজিবনগর ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন/স্থগিত ইউনিয়নের নির্বাচন (সংলগ্নী-১) অনুষ্ঠানের লক্ষ্যে মাননীয় নির্বাচন কমিশন নিম্নরূপ নির্দেশনা প্রদান করেছেন:

২। **নির্বাচনি সময়সূচি :** উক্ত দু'টি ইউনিয়নের নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নতুনভাবে সময়সূচি জারি করার প্রয়োজন রয়েছে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ২০ এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুসারে মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক নিম্নরূপ সময়সূচি অনুসারে ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে:

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৬ এপ্রিল ২০১৮ / ০৩ বৈশাখ ১৪২৫ | (সোমবার) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ১৯ এপ্রিল ২০১৮ / ০৬ বৈশাখ ১৪২৫ | (বৃহস্পতিবার) |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ২৬ এপ্রিল ২০১৮ / ১৩ বৈশাখ ১৪২৫ | (বৃহস্পতিবার) |
| **(ঘ)** | **ভোটগ্রহণের তারিখ** | : | **১৫ মে ২০১৮ / ০১ জ্যৈষ্ঠ ১৪২৫** | **(মঙ্গলবার)** |

৩। **প্রার্থিতা বিষয়ক অন্যান্য কার্যক্রম :** উল্লিখিত সময়সূচি অনুযায়ী স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১৫ অনুসারে মনোনয়নপত্র গ্রহণ বা বাতিল আদেশের বিরুদ্ধে আপিল দায়েরের শেষ তারিখ **২২ এপ্রিল ২০১৮** এবং দায়েরকৃত আপিল **২৫ এপ্রিল ২০১৮** তারিখের মধ্যে নিষ্পত্তি করতে হবে। তাছাড়া প্রার্থিতা প্রত্যাহারের জন্য শেষ তারিখ **২৬ এপ্রিল ২০১৮** এবং এর পরের দিন অর্থাৎ **২৭ এপ্রিল ২০১৮ তারিখে প্রতীক বরাদ্দের** কার্যক্রম সম্পন্ন করতে হবে। মনোনয়ন ও প্রার্থিতা বিষয়ক অন্যান্য কার্যক্রম উল্লিখিত সময়সূচির সাথে সমন্বয় করে সম্পন্ন করতে হবে।

৪। **সময়সূচির প্রজ্ঞাপন জারি :** উক্ত দু'টি ইউনিয়নে নতুন করে সময়সূচি ঘোষণার প্রয়োজন রয়েছে, উল্লিখিত সময়সূচি অনুযায়ী জেলা নির্বাচন অফিসারগণ বিধি ১০ অনুসারে পূর্বে প্রদত্ত নমুনায় প্রজ্ঞাপন জারি করে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশের ব্যবস্থা করবেন।

৫। **রিটার্নিং অফিসার নিয়োগ :** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ৫ বিধি অনুসারে জেলা নির্বাচন কর্মকর্তাকে নির্বাচন পরিচালনার উদ্দেশ্যে, প্রতিটি ইউনিয়ন পরিষদের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন কর্মকর্তাকে বা ক্ষেত্রমত, প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত কর্মকর্তাগণের মধ্য হতে একজন করে কর্মকর্তাকে রিটার্নিং অফিসার নিয়োগ করতে হবে। সাধারণ নির্বাচনের সময়ে নিয়োগকৃত রিটার্নিং অফিসারের মাধ্যমে স্থগিত ইউনিয়নের নির্বাচন সম্পন্ন করতে হবে। তবে ইতোমধ্যে রিটার্নিং অফিসার হিসেবে দায়িত্বপালনকারী কোন কর্মকর্তা বদলি হয়ে থাকলে উক্ত পদে যিনি দায়িত্বপালন করছেন অথবা যাকে পদায়ন করা হয়েছে তাকে রিটার্নিং অফিসার হিসেবে দায়িত্ব পালন করার জন্য নির্দেশনা দিতে হবে। উক্ত পদে বদলির পর কোন কর্মকর্তা পদায়ন করা না হলে অন্য কোন উপযুক্ত কর্মকর্তাকে অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন কর্মকর্তাকে রিটার্নিং অফিসার হিসেবে দায়িত্ব দিতে হবে। সংশ্লিষ্ট জেলা নির্বাচন কর্মকর্তা এ বিষয়ে প্রয়োজনীয় আদেশ/নির্দেশনা জারি করবেন। উল্লেখ্য যে, যেসব ইউনিয়নের সাধারণ নির্বাচনের সময়সূচি ঘোষণা করা হয়েছে, সেগুলোর জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন কর্মকর্তাকে রিটার্নিং অফিসার হিসেবে নিয়োগ করতে হবে। কোন উপজেলা নির্বাচন কর্মকর্তাকে ৩টির অধিক ইউনিয়ন পরিষদের নির্বাচনের রিটার্নিং অফিসারের দায়িত্ব দেয়া যাবে না। কোন উপজেলা নির্বাচন কর্মকর্তার অন্য কোন নির্বাচনের গুরুত্বপূর্ণ দায়িত্ব (যেমন- জাতীয় সংসদ/সিটি কর্পোরেশন/পৌরসভার সহকারী রিটার্নিং অফিসার বা সহায়ক কর্মকর্তা) থাকলে তাকে উল্লিখিত রিটার্নিং অফিসারের দায়িত্ব দেয়া যাবে না। কোন উপজেলা নির্বাচন কর্মকর্তা

প্রশিক্ষণ বা অন্যকোন গুরুত্বপূর্ণ দায়িত্ব থাকলে তার স্থলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে রিটার্নিং অফিসার হিসেবে নিয়োগ করে বা অন্যান্য দায়িত্ব প্রদান করে নির্বাচন সম্পন্ন করতে হবে। যেসকল উপজেলায় ৩টির অধিক ইউনিয়নের নির্বাচন প্রয়োজন হবে সেগুলোতে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ৫ বিধি ও ইতঃপূর্বে গৃহীত নীতিমালা অনুসারে পদ্ধতিগতভাবে রিটার্নিং অফিসার নিয়োগ করতে হবে।

৬। **সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে অফিস খোলা রাখা :** উল্লিখিত সময়সূচি অনুসারে কার্যক্রম গ্রহণের লক্ষ্যে বিশেষ করে মনোনয়নপত্র বাছাইয়ের বিরুদ্ধে আপিল গ্রহণের দিনসমূহ প্রতীক বরাদ্দসহ গুরুত্বপূর্ণ দিনে রিটার্নিং অফিসারের অফিস, জেলা কর্মকর্তার অফিস ও উপজেলা নির্বাচন কর্মকর্তার অফিস সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে সকাল ৯.০০ মি. হতে বিকাল ৫.০০ মি. পর্যন্ত খোলা রেখে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। তাছাড়া মনোনয়নপত্র দাখিল ও বাছাই এবং বাছাই বা গ্রহণের বিরুদ্ধে দায়েরকৃত আপিল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত এবং নির্বাচন সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম গ্রহণের সুবিধার্থে সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে উল্লিখিত অফিসসমূহ খোলা রাখা এবং প্রয়োজনে অফিস সময়ের পরেও অফিস খোলা রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৭। **প্রার্থী মনোনয়নের জন্য নিবন্ধিত রাজনৈতিক দলকে অবহিতকরণ :** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর সংশ্লিষ্ট বিধান এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১২ এর উপবিধি (৩) এর দফা (গ) এর উপদফা (ঈ) অনুসারে চেয়ারম্যান পদে নিবন্ধিত রাজনৈতিক দল কর্তৃক প্রার্থী মনোনয়নের সুবিধার্থে সময়সূচির বিজ্ঞপ্তি প্রচারের পর পর নিবন্ধিত সকল রাজনৈতিক দলকে পত্রের মাধ্যমে রিটার্নিং অফিসার অবহিত করবেন।

৮। **ভোটার তালিকা এবং ভোটকেন্দ্র :** ইতঃপূর্বে প্রদত্ত নির্দেশনা অনুসারে সর্বশেষ হালনাগাদকৃত চূড়ান্ত ভোটার তালিকা অনুযায়ী নির্বাচন সম্পন্ন করতে হবে। একইভাবে জারিকৃত নীতিমালা অনুসারে ভোটকেন্দ্রের তালিকা চূড়ান্ত করে নির্বাচন কমিশনে প্রেরণ করতে হবে।

৯। **প্রতীক বরাদ্দের প্রত্যয়ন :** সর্বশেষ সংশোধিত বিধিমালা অনুসারে রিটার্নিং অফিসার কর্তৃক প্রতীক বরাদ্দ করতে হবে। প্রতীক বরাদ্দের পর সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার এবং জেলা নির্বাচন অফিসারকে তা যাচাই করে প্রতীক বরাদ্দের পর দিন সঠিক রয়েছে মর্মে প্রত্যয়নপত্র প্রদান করতে হবে।

১০। **স্থগিত ইউনিয়ন পরিষদের নির্বাচন** : বর্ণিত স্থগিত ইউনিয়ন পরিষদের নির্বাচনের ক্ষেত্রে নতুন করে সময়সূচি ঘোষণা করে নির্বাচন অনুষ্ঠান করতে হবে। তবে ইতোপূর্বে যারা মনোনয়নপত্র দাখিল করেছিলেন তাদের নতুন করে মনোনয়নপত্র দাখিলের প্রয়োজন হবে না এবং পূর্বে মনোনয়নপত্র দাখিলকারীগণকে নতুনভাবে মনোনয়নপত্র দাখিলেরও সুযোগ দেয়া যাবে।

১১। **অন্যান্য নির্দেশনা** : সংলগ্নী-১ ও সংলগ্নী-২ এ উল্লিখিত ইউনিয়নের সাধারণ নির্বাচন/স্থগিত ইউনিয়নের নির্বাচন এবং শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠানের জন্য **১৫ মে ২০১৮ (বৃহস্পতিবার)** ভোটগ্রহণের দিন নির্ধারণ করতঃ আইন ও বিধি মোতাবেক এবং ইতঃপূর্বে জারিকৃত পরিপত্র ও অন্যান্য নির্দেশনা অনুসরণপূর্বক প্রাসঙ্গিক কার্যক্রম গ্রহণ করতে হবে। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯-এর ধারা ৩৬ ও সংশ্লিষ্ট অন্যান্য ধারা এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫, ১০ ও অন্যান্য বিধি-বিধানসহ সংশ্লিষ্ট আইন-বিধিমালা এবং ইউনিয়ন পরিষদের নির্বাচন উপলক্ষে ইতঃপূর্বে জারিকৃত পরিপত্রসহ সকল নির্দেশনা অনুসরণপূর্বক নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন করতে হবে।

১২। **প্রাপ্তি স্বীকার :** ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন এবং স্থগিত ইউনিয়নের নির্বাচন ও শূন্য ঘোষিত পদে উপনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে জারিকৃত এ নির্দেশনার প্রাপ্তি স্বীকারের জন্য এবং প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে অবহিতকরণের জন্য অনুরোধ করা হল।

৪/৪/২০১৮


**ফরহাদ আহাম্মদ খান**
যুগ্মসচিব (চলতি দায়িত্ব)
ফোন: ০২-৫৫০০৭৫২৫
মোবাইল: ০১৭১৫০০০৭৪৯
E-mail: forhadakecs2015@gmail.com


সংলগ্নী: উপরে বর্ণিত

১। জেলা প্রশাসক, চাঁদপুর/ভোলা
২। জেলা নির্বাচন অফিসার, চাঁদপুর/ভোলা
৩। উপজেলা নির্বাহী অফিসার.......................... (সংশ্লিষ্ট)
৪। উপজেলা নির্বাচন অফিসার, ......................... (সংশ্লিষ্ট)

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.১৮- ১০১ তারিখ: ২১ চৈত্র ১৪২৪ / ০৪ এপ্রিল ২০১৮

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৬. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‌্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম/বরিশাল
১১. উপ মহাপুলিশ পরিদর্শক, চট্টগ্রাম/বরিশাল রেঞ্জ
১২. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৪. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৫. মহাব্যবস্থাপক (সি.আই.বি), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
১৬. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [এ বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৭. উপসচিব, ........................................................................ (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮. পুলিশ সুপার, চাঁদপুর/ভোলা
১৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা/বরিশাল
২০. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, চাঁদপুর/ভোলা
২১. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২২. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................... এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. প্রোগ্রামার (সংশ্লিষ্ট), সিনিয়র সহকারী সচিব/সহকারী ..........................(সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৫. ..............................................................................................রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)
২৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ............................................................... (সংশ্লিষ্ট থানা)।

০৪/০৪/১৮


**(মোহাম্মদ আশফাকুর রহমান)**
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২
ফোন: ০২-৫৫০০৭৫৫৯
মোবাইল: ০১৫৫০০৪২০৪১

সংলগ্নী-১

## ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন/স্থগিত

| ক্রম | জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়ন পরিষদের নাম | পদ |
|---|---|---|---|---|
| ০১. | চাঁদপুর | হাজীগঞ্জ | দ্বাদশগ্রাম | চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য এবং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ০২. | ভোলা | চরফ্যাশন | মুজিবনগর | চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য এবং সাধারণ ওয়ার্ডের সদস্য |



রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, ফেব্রুয়ারি ১০, ২০১৬**

নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ, ২৮ মাঘ ১৪২২ বঙ্গাব্দ/ ১০ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩১-আইন/২০১৬।—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন) এর ধারা ২০ এর উপধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ২ এর—

(ক) দফা (৩) এ "২০১০" সংখ্যার স্থলে "২০১৬" সংখ্যা প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (৮) এর পরিবর্তে নিম্নরূপ দফা (৮) প্রতিস্থাপিত হইবে, যথা:—

''(৮) "সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা বা জেলা নির্বাচন কর্মকর্তা" অর্থ নির্বাচন ও অন্যান্য কার্য সম্পাদনের নিমিত্ত কমিশন কর্তৃক নিয়োগকৃত সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা বা জেলা নির্বাচন কর্মকর্তা;''

(গ) দফা (২২) এর পরিবর্তে নিম্নরূপ দফা (২২) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(২২) "প্রার্থী" অর্থ কোন ইউনিয়ন পরিষদের—

(ক) চেয়ারম্যান পদে নির্বাচনের জন্য কোন রাজনৈতিক দল কর্তৃক মনোনীত ব্যক্তি বা স্বতন্ত্র প্রার্থী; এবং

(খ) সদস্য পদে নির্বাচনের জন্য মনোনয়নপত্র দাখিলকারী যে কোন ব্যক্তি;"


মূল্য: টাকা ৩০.০০

(ঘ) দফা (৩২) এর পর নিম্নরূপ নতুন দফা (৩২ক) সন্নিবেশিত হইবে, যথা:—

"(৩২ক) "রাজনৈতিক দল" অর্থ Representation of the People Order, 1972 (P.O.No.155 of 1972) এর Article 2 এর clause (xixa) তে সংজ্ঞায়িত registered political party;";

(ঙ) দফা (৩৫) এর প্রান্তস্থিত "এবং" শব্দ বিলুপ্ত হইবে;

(চ) দফা (৩৬) এর প্রান্তস্থিত দাঁড়ির পরিবর্তে সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (৩৭) সংযোজিত হইবে, যথা:—

"(৩৭) "স্বতন্ত্র প্রার্থী" অর্থ এইরূপ কোন প্রার্থী যিনি কোন রাজনৈতিক দল কর্তৃক মনোনয়নপ্রাপ্ত নহেন।";

(২) বিধি ৪ এর উপ-বিধি (১) এ উল্লিখিত ''জেলা নির্বাচন কর্মকর্তা'' শব্দগুলির পরিবর্তে ''উপজেলা নির্বাচন কর্মকর্তা'' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৩) বিধি ৫ এর উপ-বিধি (১) এবং (২) এ উল্লিখিত ''জেলা নির্বাচন কর্মকর্তা'' শব্দগুলির পরিবর্তে ''সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা বা জেলা নির্বাচন কর্মকর্তা'' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৪) বিধি ৭ এর—

(ক) উপ-বিধি (১) এ উল্লিখিত ''জেলা নির্বাচন কর্মকর্তা'' শব্দগুলির পরিবর্তে ''সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা বা জেলা নির্বাচন কর্মকর্তা'' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (২) এ উল্লিখিত ''জেলা নির্বাচন কর্মকর্তা'' শব্দগুলির পরিবর্তে ''সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা বা জেলা নির্বাচন কর্মকর্তা'' শব্দগুলি এবং ''উপ-নির্বাচন কমিশনারের'' শব্দগুলির পরিবর্তে ''আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার'' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৫) বিধি ১০ এর উপ-বিধি (১) এবং (২) এ উল্লিখিত ''জেলা নির্বাচন কর্মকর্তা'' শব্দগুলির পরিবর্তে ''সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা বা জেলা নির্বাচন কর্মকর্তা'' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৬) বিধি ১২ এর—

(ক) উপ-বিধি (৩) এর দফা (গ) এর—

(অ) উপ-দফা (আ) এর প্রান্তস্থিত "এবং" শব্দ বিলুপ্ত হইবে;

(১৯) তফসিল-২, তফসিল-৩, তফসিল-৪ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল-২, তফসিল-৩, তফসিল-৪ ও তফসিল-৫ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

''তফসিল-২
[বিধি ১৯(১)(ক) দ্রষ্টব্য]

চেয়ারম্যান পদে রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

| | | | |
|---|---|---|---|
| ১। ছাতা | ১৪। তারা | ২৭। কাঁঠাল | ৪০। টেলিভিশন; |
| ২। বাই-সাইকেল | ১৫। গোলাপ ফুল | ২৮। চাবি | |
| ৩। চাকা | ১৬। মই | ২৯। চেয়ার | |
| ৪। গামছা | ১৭। গরুর গাড়ি | ৩০। হাত ঘড়ি | |
| ৫। কাস্তে | ১৮। ফুলের মালা | ৩১। মিনার | |
| ৬। নৌকা | ১৯। বটগাছ | ৩২। রিক্সা | |
| ৭। ধানের শীষ | ২০। হারিকেন | ৩৩। হাত পাখা | |
| ৮। কবুতর | ২১। আম | ৩৪। মোমবাতি | |
| ৯। কুঁড়ে ঘর | ২২। খেজুর গাছ | ৩৫। হুক্কা | |
| ১০। হাতুড়ি | ২৩। উদীয়মান সূর্য | ৩৬। কোদাল | |
| ১১। কুলা | ২৪। মাছ | ৩৭। দেওয়াল ঘড়ি | |
| ১২। লাঙ্গল | ২৫। বাঘ | ৩৮। হাত (পাঞ্জা) | |
| ১৩। মশাল | ২৬। গাভি | ৩৯। ছড়ি | |

''তফসিল-৩
[বিধি ১৯(১)(খ) দ্রষ্টব্য]

চেয়ারম্যান পদে স্বতন্ত্র প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

| | |
|---|---|
| ১। অটোরিক্সা | ৬। টেলিফোন |
| ২। আনারস | ৭। চশমা |
| ৩। ঘোড়া | ৮। দুটি পাতা |
| ৪। টেবিল ফ্যান | ৯। মোটর সাইকেল |
| ৫। ঢোল | ১০। রজনীগন্ধা |

''তফসিল-৪
[বিধি ১৯(১)(গ) দ্রষ্টব্য]

সংরক্ষিত আসনের সদস্য পদের প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

| | |
|---|---|
| ১। কলম | ৬। বক |
| ২। ক্যামেরা | ৭। সাঁকো |
| ৩। তালগাছ | ৮। মাইক |
| ৪। জিরাফ | ৯। হেলিকপ্টার |
| ৫। বই | ১০। সূর্যমুখী ফুল |

''তফসিল-৫
[বিধি ১৯(১)(ঘ) দ্রষ্টব্য]

সাধারণ আসনের সদস্য পদের প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

| | |
|---|---|
| ১। আপেল | ৭। টর্চ লাইট |
| ২। ক্রিকেট ব্যাট | ৮। ভ্যান গাড়ি |
| ৩। ঘুড়ি | ৯। বৈদ্যুতিক পাখা |
| ৪। টিউবওয়েল | ১০। মোরগ |
| ৫। পানির পাম্প | ১১। লাটিম |
| ৬। ফুটবল | ১২। তালা |

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ সিরাজুল ইসলাম
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd